

১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস-২০২২ উদযাপন উপলক্ষে প্রত্নত্মূলক সভার কার্যবিবরণী:

সভাপতি : মো: আসিব আহসান
জেলা প্রশাসক, রংপুর
তারিখ ও সময় : ১৩/০৪/২০২২, বিকাল ৩.০০ টা।
সভার স্থান : জেলা প্রশাসক, রংপুর এর সম্মেলন কক্ষ।

সভায় উপস্থিত ব্যক্তিবর্গের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোহা: শাহনাজ বেগম, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৭ এপ্রিল ২০২২ যথাযথ মর্যাদায় ঐতিহাসিক মুজিবনগর দিবস পালন উপলক্ষে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৮.০০.০০০০.০০১.৫৭.০০১.২২২-৭৭, তারিখ-১৩ এপ্রিল ২০২২ কার্যবিবরণীটি পাঠ করে শোনান। সভাপতি শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করেন সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ দেশের জন্য আত্মত্যাগকারী সকল শহিদকে। তিনি মহান ঐতিহাসিক মুজিবনগর দিবসের গুরুত্ব ও তাৎপর্য তুলে ধরে বলেন ১৯৭১ সালের এই দিনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার শপথ গ্রহণ করেন। এটি ছিল বাংলাদেশের প্রথম সরকার। এ সরকারের অধিনেই মুক্তিযুদ্ধ পরিচালিত হয় বিধায় ১৭ এপ্রিল বাংলাদেশের ইতিহাসে অত্যন্ত গুরুত্বপূর্ণ দিন। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বর্ণিত পত্রের নির্দেশনা মোতাবেক যথাযথ মর্যাদায় আগামী ১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হবে মর্মে সভাপতি উপস্থিত সকলকে অবহিত করেন এবং উপস্থিত সকল সদস্যকে মতামত প্রদানের জন্য অনুরোধ জানান। বিস্তারিত আলোচনা শেষে ১৭ এপ্রিল মহান ঐতিহাসিক মুজিবনগর দিবস যথাযথভাবে উদযাপনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির আলোকে সামঞ্জস্য রেখে নিম্নরূপ কর্মসূচি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহ:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১.	জেলা/উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে মুক্তিযুদ্ধ বিষয়ক ডকুমেন্টারী/প্রামাণ্যচিত্র প্রদর্শন ও প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর কে অনুরোধ করা হয়।	১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রংপুর ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর ৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর ৪। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর ৫। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর।
০২.	রংপুর জেলার সকল সরকারি, বেসরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ডবন/স্থাপনাসমূহে স্ব-স্ব কর্তৃপক্ষ আলোকসজ্জাকরণের ব্যবস্থা গ্রহণ করবেন।	১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর ৩। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, রংপুর ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর। ৫। সকল রাজনৈতিক ও সামাজিক সংগঠন, রংপুর। ৬। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ও ডবনের মালিক।
০৩.	জেলা প্রশাসক, রংপুর মহোদয়ের সম্মেলন কক্ষে বেলা ১২.০০ ঘটিকায় ঐতিহাসিক মুজিবনগর দিবসের পটভূমি ও তাৎপর্যের উপর ভিত্তি করে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হবে।	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), রংপুর।
০৪.	জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মুজিবনগর দিবসের তাৎপর্য তুলে ধরে "ঐতিহাসিক মুজিবনগর দিবস এবং বাংলাদেশের স্বাধীনতা" শীর্ষক আলোচনা সভা, মোনাজাত/প্রার্থনার আয়োজন করার জন্য জেলা শিক্ষা অফিসার, রংপুর ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর-কে অনুরোধ করা হয়।	১। জেলা শিক্ষা অফিসার, রংপুর। ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রংপুর। ৩। পরিচালক, বিভাগীয় জেলা তথ্য অফিস, রংপুর।
০৫.	উপজেলা নির্বাহী অফিসারগণ স্ব-স্ব উপজেলায় জেলা পর্যায়ে গৃহীত কর্মসূচির আলোকে প্রযোজ্য সকল কার্যক্রম গ্রহণ করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আসিব আহসান)

জেলা প্রশাসক

রংপুর

ও

সভাপতি

১৭ এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস উদযাপন কমিটি, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
(সাধারণ শাখা)
www.rangpur.gov.bd

৩০ চৈত্র ১৪২৮

স্মারক নম্বর: ০৫.৫৫.৮৫০০.০০৬.০৯.০০৯.২২-৩৬৬ (১০০)

তারিখ: -----

১৩ এপ্রিল ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০৬। ডিআইজি, রংপুর রেঞ্জ, রংপুর।
- ০৭। পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর।
- ০৮। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর।
- ০৮। পুলিশ সুপার, রংপুর।
- ০৯। সিভিল সার্জন, রংপুর।
- ১১। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
- ১২। উপজেলা নির্বাহী অফিসার ----- (সকল), রংপুর।
- ১৩। সভাপতি/সম্পাদক, প্রেস ক্লাব, রংপুর।
- ১৪। জনাব -----, রংপুর।

স্বা.স

(মো: গোলাম রব্বানী)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
রংপুর
ফোন: ০২৫৮-৯৯৬১০৪৪

ই-মেইল: adcgrangpur@mopa.gov.bd.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা শিক্ষা অফিসারের কার্যালয়, রংপুর।
Tel : 0521-63420, 52371, e-mail : deorangpur@yahoo.com

স্মারক নং-ডিইও/রং/২০২২/১৫৬১(৮)

তারিখ : ১৪/০৪/২০২২খ্রি.

অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হ'ল :

- ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল), , রংপুর।
(পৃষ্ঠাকিৎ পত্রটি আপনার উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করার জন্য অনুরোধ করা হল।)
- ২। অফিস নথি।

স্বাক্ষরিত: ১৪/০৪/২০২২
মোছাঃ রোকসানা বেগম)
জেলা শিক্ষা অফিসার
রংপুর।